

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের দপ্তর
মৎস্য অধিদপ্তর
চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।
www.fisheries.chittagongdiv.gov.bd

পত্র নং: ৩৩.০২.০০০০.৩০২.০৭.০০১.১৫.১১৪ (৪)

তারিখ: ২১/০৫/২৩ খ্রিঃ

বিষয়: ওয়েবপোর্টাল হালনাগাদকরণ প্রসঙ্গে।

সূত্র: মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা-এর পত্র নং: ৩৩.০২.০০০০.১১২.০১.০১৬.২২.২৮১; তারিখ: ১৬/০৫/২৩ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৫/০৪/২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মৎস্য অধিদপ্তরের রাজস্ব ও উন্নয়ন কার্যক্রম পর্যালোচনা সভার সিদ্ধান্ত অনুযায়ী চট্টগ্রাম বিভাগের আওতাধীন ০৪ টি জেলা (কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, নোয়াখালী) ও ৪৩ টি উপজেলার ওয়েবপোর্টাল পর্যালোচনা করা হয়। ওয়েবপোর্টাল পর্যালোচনায় দেখা যায় যে, অনেক দপ্তরের ওয়েবপোর্টাল নির্দেশনা মোতাবেক হালনাগাদ করা হচ্ছে না। দপ্তরসমূহের ওয়েবপোর্টালে নিম্নলিখিত ত্রুটি পরিলক্ষিত হয়। যেমন:

- ১। কর্মকর্তাদের তালিকায় অফিসিয়াল ইমেইল ও মোবাইল নাম্বার ব্যবহার না করা;
- ২। সেবাবন্ধগুলো মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক হালনাগাদ না করা;
- ৩। তথ্য প্রদানকারী কর্মকর্তা, অনিক এবং আপিল কর্মকর্তার তথ্য নিয়মিত হালনাগাদ না করা;
- ৪। ওয়েবপোর্টালে ভাষা লিংক ও অকার্যকর লিংক ঠিক না করা।

এমতাবস্থায়, তাঁর দপ্তর ও আওতাধীন দপ্তরসমূহের ওয়েবপোর্টালগুলো জরুরীভিত্তিতে হালনাগাদ করে অত্র দপ্তরকে অবহিত করানোর জন্য অনুরোধ করা হলো।


(মোঃ আবদুস ছাত্তার)
উপপরিচালক
মৎস্য অধিদপ্তর
চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।
ফোন: ০২৩৩৪৪০৬১২৭

ইমেইল: ddchittagong@fisheries.gov.bd

জেলা মৎস্য কর্মকর্তা
কুমিল্লা/ব্রাহ্মণবাড়িয়া/চাঁদপুর/নোয়াখালী।


পত্র নং: ৩৩.০২.০০০০.৩০২.০৭.০০১.১৫.১১৪(৪)/১(৩৫)

তারিখ: ২১/০৫/২৩ খ্রিঃ

অনুলিপি: সদয় অবগতির জন্য

১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা

২। সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা.....চট্টগ্রাম বিভাগ।


(মোঃ আবদুস ছাত্তার)
উপপরিচালক
মৎস্য অধিদপ্তর
চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।